

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট

খাগড়াছড়ি

ফোন-০৩৭১-৬২১৪৯ ফ্যাক্স-০৩৭১৬২১০

অবিভাবক ও প্রশিক্ষণার্থীদের সমন্বয় সভার কার্যবিবরণ

১ম সভা


সভাপতি : জনাব সুসময় চাকমা
তারিখ : ২৪ অক্টোবর/২০১৬
সময় : বিকাল ৪০.০০ ঘটিকা
স্থান : ইনস্টিটিউট সভা কক্ষ

অদ্য ২৪/১০/১৬ ইং তারিখ রোজ সোমবার বিকাল ৪.৩০ ঘটিকার সময় প্রশিক্ষণার্থী ও অবিভাবকদের নিয়ে একটি সভা ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের উপপরিচালক জনাব সুসময় চাকমা। সভাপতি সবাইকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্য সূচীর আলোকে সভার কার্যক্রম শুরুর জন্য ইনস্টিটিউটের গবেষণা কর্মকর্তা জিতেন চাকমাকে অনুরোধ করেন। জিতেন চাকমা সভার আলোচ্য সূচীর আলোকে মতামত তুলে ধরার আহবান জানালে বিস্তারিত আলোচনার পর নিম্নেউল্লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী:

১. প্রশিক্ষণ এর সুবিধা ও অসুবিধা সংক্রান্ত
২. বিবিধ

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়ন
১.	প্রশিক্ষণ সংক্রান্ত	সভাপতির অনুমতিক্রমে আলোচনায় অংশগ্রহণ করে গবেষণা কর্মকর্তা জনাব জিতেন চাকমা সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন ইনস্টিটিউটের বিগত মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক ইনস্টিটিউটের জন্য সিটিজেন চার্টার গত মাসে তৈরী করা হয়েছে, প্রশিক্ষণ নিয়মিত মনিটরিং করা হচ্ছে, নৃত্য প্রশিক্ষণে সর্বমোট ৫০ জন ছাত্র/ছাত্রী ভর্তি হয়েছে এবং নিয়মিত ক্লাশ চলিতেছে। তবে নাট্য, সংগীত ও তবলা প্রশিক্ষণে ছাত্র ছাত্রী সন্তোষজনক নয়। এ বিষয়ে অবিভাবকদের তাদের ছেলে মেয়েদের ইনস্টিটিউটে ভর্তি করে সরকারের দেওয়া সুযোগ গ্রহণ করার আহবান জানান। তিনি আরও বলেন আগে লোকবল না থাকায় অনেক সময় প্রশিক্ষণ সমূহ পরিচালনার অসুবিধা ছিল। বর্তমানে কিছুটা হলেও সেই সংকট কাটিয়ে উঠা সম্ভব হয়েছে। এ বিষয়ে অবিভাবকদের তাদের মতামত তুলে ধরার আহবান জানান।	১. অবিভাবকদের বসার অসুবিধা দূর করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ২. প্রশিক্ষণ নিয়মিত হচ্ছে কিনা মনিটরিং করার জন্য গবেষণা কর্মকর্তা জিতেন চাকমাকে দায়িত্ব প্রদান করা হয়। ৩. কোন কারনে সপ্তাহিক নির্ধারিত সময়ে প্রশিক্ষণ সম্পন্ন না হলে সেই ক্লাসটি পরে নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।




ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট

খাগড়াছড়ি

ফোন-০৩৭১-৬২১৪৯ ফ্যাক্স-০৩৭১৬২১০

		আলোচনায় অংশ নিয়ে জনাব হেমেন্দু বিকাশ চাকমা বলেন প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবিভাবকদের জন্য বসার ব্যবস্থা করার অনুরোধ জানান। নির্ধারিত তারিখে প্রশিক্ষণ না হলে নোটিশ প্রদান ও বিকল্প ক্লাশ নেওয়ার অনুরোধ করেন।	
২.	বিবিধ	বিবিধ আলোচনায় অংশ নিয়ে জনাব নৃত্য প্রশিক্ষক জনাব ফিফা চাকমা বলেন প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবিভাবকদের প্রশিক্ষণ রুমে প্রবেশ না করার অনুরোধ করেন। যারা এখনও ভর্তি ফি জমা দেননি তাদের ভর্তি ফি জমাদানের জন্য অনুরোধ করেন।	প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবিভাবকদের প্রশিক্ষণ রুমে প্রবেশ না করা এবং যারা এখনও ভর্তি ফি জমা দেননি তাদের দ্রুত ভর্তি ফি জমাদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

২। নির্ধারিত সকল বিষয়ে আলোচনার পর সভাপতি সকলকে গঠনমূলক আলোচনার জন্য ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।



(সুসময় চাকমা)

উপ পরিচালক

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি।

E mail: knsikhagrachari@gmail.com

স্মারক নং – ক্ষুদ্রনৃসাই/খাগড়াছড়ি/প্র: ২০১৬(১০)

তারিখ ১৬/০৮/২০১৬

অনুলিপি ও কার্যার্থে

- ১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ২। মামনীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
- ৩। জিতেন চাকমা, গবেষণা কর্মকর্তা ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
- ৪। অফিস নথি।